রামগতি পৌরসভা কার্যালয়
রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৩৭ তারিখঃ ১৫/০৩/২০২৩খ্রিঃ

**সভা নং-২৫**

পৌর পরিষদের মাসিক (মার্চ'২০২৩খ্রিঃ) সভার কার্য বিবরনীঃ
সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।
তারিখ: ১৫/০৩/২০২৩খ্রিঃ
সময়: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান: পৌরসভা সভাকক্ষ।
সভার উপস্থিতি:

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | ওয়ার্ড নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গীতা রানী দাস | সংরক্ষিত মহিলা আসন-১ | স্বাক্ষরিত |
| ০২ | আকলিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-২ | স্বাক্ষরিত |
| ০৩ | নাছিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-৩ | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জয়নাল আবেদীন | সাধারন আসন-০১ | স্বাক্ষরিত |
| ০৫ | তাপস চন্দ্র দাস | সাধারন আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৬ | নিজাম উদ্দিন | সাধারন আসন-০৩ | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ নুর নবী | সাধারন আসন-০৪ | স্বাক্ষরিত |
| ০৮ | শাহাদাৎ হোসেন | সাধারন আসন-০৫ | স্বাক্ষরিত |
| ০৯ | মোহাম্মদ নেছার উদ্দিন | সাধারন আসন-০৬ | স্বাক্ষরিত |
| ১০ | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার | সাধারন আসন-০৭ | স্বাক্ষরিত |
| ১১ | ছৈয়দ মুরতাজা আল আমিন | সাধারন আসন-০৮ | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ ফারুকুল ইসলাম বাবলু | সাধারন আসন-০৯ | স্বাক্ষরিত |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলোয়াত করেন রামগতি পৌরসভার ০৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন এবং পবিত্র গীতা থেকে পাঠ করে ১,২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস। এরপর উপস্থিত সকলে তাদের পরিচয় পর্ব শেষ করেন। সভা পরিচালনা করার জন্য মেয়র মহোদয় সচিব রামগতি পৌরসভাকে আহবান করেন।

<table>
<tr><th>সূচী নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>০১</td><td>বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদনঃ-</td><td>সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এ.বি.এম শাহজাহান, কার্য সহকারী কর্তৃক বিগত সভার কার্য-বিবরণী পড়ে শুনানো হয় এবং কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন না থাকায় তা অনুমোদন দেওয়া হয়।</td><td>কোন সংশোধনি না থাকায় ২৭/০২/২০২৩ইং তারিখের কার্য-বিবরণী সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়।</td></tr>
<tr><td>০২</td><td>২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবস ও ১৭ই-মার্চ বঙ্গাবন্ধুর জন্ম বার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনাঃ</td><td>কার্যসহকারী জনাব এবিএম শাহজাহান সভায় জানান যে,মার্চ মাস স্বাধীনতার মাস আর এই মার্চ মাসে জাতির জনক বঙ্গাবন্ধুর জন্ম বার্ষিকীর মাস। আসছে ১৭ই-মার্চ ও ২৬শে মার্চ উদযাপন সম্পর্কে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, ১৭ই-মার্চ জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিন ও মহান ২৬শে মার্চ স্বাধীনতা দিবস উদযাপনের জন্য কমিটি গঠন করে, কমিটির মাধ্যমে জন্ম দিবসের ও স্বাধীনতা দিবসের কর্মসূচী পালন করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম বার্ষিকী ও ২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে পৌরসভায় আলোক সজ্জা করন, সরকারী ও গুরুত্বপূর্ণ স্থপনায়, হাট-বাজার এবং মেইন সড়ক পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ করন। বঙ্গাবন্ধুর জন্ম বার্ষিকীতে দোয়া-মাহফিল, মিলাদ, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব তাপস চন্দ্র দাস সভায় জানান যে, ১৭ই- মার্চ জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম বার্ষিকী ও ২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে কেন্দ্রিয় প্রোগ্রাম অনুযায়ী বঙ্গাবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন ও উপজেলা কেন্দ্রিয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন, আলোক সজ্জা করন, পরিচ্ছন্নতার কাজ, দোয়া অনুষ্ঠান, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।</td><td>মেয়র মহোদয় ১৭ই-মার্চ ও ২৬শে মার্চ উদযাপন উপলক্ষে ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে কমিটি নিম্নরুপঃ
<table>
<tr><th>ক্র:</th><th>নাম</th><th>পদবী</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>১</td><td>শাহাদাত হোসেন</td><td>কাউন্সিলর-০৫</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২</td><td>মোহাম্মদ নেছার উদ্দিন</td><td>কাউন্সিলর-০৬</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>গীতা রানী দাস</td><td>সংরক্ষিত কাউন্সিলর-০১</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>তাপস চন্দ্র দাস</td><td>কাউন্সিলর-০২</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>মোঃ কামরুল হাসান</td><td>পৌর নির্বাহী কর্মকর্তা</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
উল্লেখিত কমিটির মাধ্যমে বঙ্গাবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন ও উপজেলা কেন্দ্রিয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন, আলোক সজ্জা করন, পরিচ্ছন্নতার কাজ, দোয়া অনুষ্ঠান, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা গ্রহন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td></tr>
<tr><td>০৩</td><td>মেয়র মহোদয়ের ওমরা পালনের উর্দ্দেশ্যে সৌদি আরব গমন প্রসঙ্গো আলোচনাঃ</td><td>পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, পবিত্র ওমরা হজ্ব পালনের উদ্দ্যেশে আগামী ২০/০৩/২০২৩খ্রিঃ তারিখে সৌদি আরবে গমন করার নিমিত্তে স্থানীয় সরকার মন্ত্রণালয় কর্তৃক চিঠি মঞ্জুর করা হয়েছে। তিনি উক্ত বিষয়ে সবাইকে অবগত করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, মেয়র মহোদয় পবিত্র ওমরা হজ্ব পালনের উদ্দ্যেশে আগামী ২০/০৩/২০২৩খ্রিঃ তারিখে সৌদি আরবে গমন করবেন। আমরা</td><td></td></tr>
</table>

<table>
<tr>
<td>০৪</td>
<td>উন্নয়ন মূল্যক আলোচনাঃ<br>(ক) Inventory দাখিল প্রসঙ্গেঃ</td>
<td>সংক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, উক্ত Inventory-তে পৌরসভার সকল তথ্য উপাত্ত চলে এসেছে। তিনি প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে উক্ত Inventory দ্রুত প্রকল্প অফিসে প্রেরণ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সভাই একমত পোষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও রামগতি পৌরসভার প্যানেল মেয়র-০১ জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, উত্থাপিত Inventory মাধ্যমে অধিক গুরুত্ব বিবেচনায় এনে প্রকল্প গুলো সন্নিবেশিত করে প্রকল্প অফিসে প্রেরণ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সভাই একমত পোষণ করেন।<br><br>৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, ওয়ার্ড ভিত্তিক যে সমস্ত তথ্য সমূহ প্রয়োজনীয় তথ্যর অভাবে Inventory-তে আসে নাই সে গুলো প্রকল্প অফিসে যোগাযোগ করে দাখিল করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।</td>
<td>মেয়র মহোদয় সভা সম্মতিক্রমে ওয়ার্ড ভিত্তিক তথ্য সম্বলিত সকল সড়ক , ব্রীজ, কালভার্ট, ড্রেন, মার্কেট, অডিটরিয়ামসহ সতল ভোত কাজের Inventory প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণ করার জন্য সহকারী প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন।</td>
</tr>
<tr>
<td></td>
<td>(খ) প্রকল্প বাস্তবায়ন সম্পর্কে আলোচনাঃ</td>
<td>সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, গত মাসের মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে নিম্নলিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের নিমিত্তে উপস্থাপন করা হইলঃ
<table>
<tr><td>১</td><td>০৫নং ওয়ার্ডের ব্যপারী পাড়া সড়ক মাটি দ্বারা সংস্কার।</td></tr>
<tr><td>২</td><td>০৬নং ওয়ার্ডের আলম খা মাটি দ্বারা সংস্কার।</td></tr>
<tr><td>৩</td><td>০৭নং ওয়ার্ডের মাজার রোড সংলগ্ন ড্রেন পরিষ্কার কাজ।</td></tr>
<tr><td>৪</td><td>০৬নং ওয়ার্ডের আহম্মদ উল্যা মেম্বার বাড়ী সড়ক মাটি দ্বারা সংস্কার।</td></tr>
<tr><td>৫</td><td>০৭নং ওয়ার্ডের রশিদিয়া সংলগ্ন ড্রেন পরিষ্কার কাজ।</td></tr>
<tr><td>৬</td><td>০৭নং ওয়ার্ডের আলেকজান্ডার বাজার ড্রেন পরিষ্কার কাজ।</td></tr>
<tr><td>৭</td><td>০৮নং ওয়ার্ডের আল আমিন সড়ক মাটি দ্বারা সংস্কার।</td></tr>
<tr><td>৮</td><td>০৮নং ওয়ার্ডের পাল পাড়া সড়ক মাটি দ্বারা সংস্কার।</td></tr>
<tr><td>৯</td><td>০৮নং ওয়ার্ডের গনি মুন্সী সড়কের শেষ আংশ মাটি দ্বারা সংস্কার।</td></tr>
<tr><td>১০</td><td>০৫নং ওয়ার্ডের বান্দের পাড় সড়ক মাটি দ্বারা সংস্কার।</td></tr>
<tr><td>১১</td><td>০২নং ওয়ার্ডের খান পাড়া সড়ক মাটি দ্বারা সংস্কার।</td></tr>
<tr><td>১২</td><td>০২নং ওয়ার্ডের মুরালি মাষ্টার সড়ক মাটি দ্বারা সংস্কার।</td></tr>
<tr><td>১৩</td><td>০১নং ওয়ার্ডের কালু মাঝি সড়কে শেষ আংশ মাটি দ্বারা সংস্কার।</td></tr>
<tr><td>১৪</td><td>০১নং ওয়ার্ডের জমিদার হাট মাছ বাজার ড্রেন পরিষ্কার কাজ।</td></tr>
<tr><td>১৫</td><td>০২নং ওয়ার্ডের আশ্রম বাজার ড্রেন পরিষ্কার কাজ।</td></tr>
<tr><td>১৬</td><td>০৪নং ওয়ার্ডের পাটওয়ারী পাড়া সড়ক মাটি দ্বারা সংস্কার।</td></tr>
<tr><td>১৭</td><td>০৯নং ওয়ার্ডের খায়ের বাড়ী মেম্বার সড়ক মাটি দ্বারা সংস্কার।</td></tr>
<tr><td>১৮</td><td>০৯নং ওয়ার্ডের করিম বক্স সড়ক মাটি দ্বারা সংস্কার।</td></tr>
<tr><td>১৯</td><td>০১নং ওয়ার্ডেরসইজল মেস্তুরী সড়ক মাটি দ্বারা সংস্কার।</td></tr>
<tr><td>২০</td><td>০৩নং ওয়ার্ডের সাধন বাবু সড়ক মাটি দ্বারা সংস্কার।</td></tr>
</table>
এবং প্রকল্পগুলো কি ভাবে বাস্তবায়ন করা হবে সে বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব শাহাদৎ হোসেন সভায় জানান যে, উত্থাপিত প্রকল্পগুলো যে হেতু মাটি দ্বারা সংস্কার ও পরিষ্কার-পরিচ্ছন্নতার উপর, সে হেতু প্রকল্পগুলো PIC-এর মাধ্যমে বাস্তবায়ন করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, উত্থাপিত প্রকল্পগুলো ওয়ার্ড কাউন্সিলরের মাধ্যমে প্রকল্প কমিটি মাধ্যমে দৈনিক লেবারের ভিত্তিতে বাস্তবায়ন করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমমত পোষণ করেন।</td>
<td>মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে উত্থাপিত প্রকল্প সমূহ ADB-এর বরাদ্ধ দ্বারা প্রজেক্ট কমিটির মাধ্যমে ওয়ার্ড ভিত্তিক কাউন্সিলরের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সহকারী প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, প্রজেক্ট কমিটির মাধ্যমে প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হলে তা রাজস্ব আয় দ্বারা বাস্তবায়ন করতে হবে। ADB- টাকা দ্বারা প্রজেক্ট কমিটির মাধমে কান হাজ করা যাবে না। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোহাম্মদ নেছার উদ্দিন সভায় জানান যে, রাজস্ব খাতে টাকা নেই। তার মানে জরুরী ভিত্তিতে কোন উন্নয়ন কাজ করা যাবে না। তিনি ADB- টাকা দ্বারা উত্থাপিত প্রকল্পগুলো বাস্তবায়ন করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমমত পোষণ করেন।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারী প্রজেক্ট (LGCRRP) প্রকল্পটির কার্যক্রম প্রসঙ্গে:</td>
<td>রামগতি পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান বলেন যে, রামগতি পৌরসভার জন্য প্রস্তুতকৃত পরিকল্পনা হালনাগাদ করে ২৮.৯১৩ মিলিয়ন (২.৮৯১৩৩৮৩) কোটি টাকার ত্রিবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করেন। উক্ত পরিকল্পনা বিভিন্ন খাত অনুযায়ী প্রকল্প প্রস্তুত করে খাতওয়ারী বরাদ্দ দেখানো হয়েছে। তিনি একে একে সকল খাতের প্রস্তাবিত প্রকল্পসমূহ পড়ে শুনান (কপি সংযুক্ত) এবং তা অনুমোদনের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>রামগতি পৌরসভার ৮ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব সৈয়দ মুর্তজা আল আমিন সভায় জানান যে, LGCRRP পরিকল্পনা যেভাবে সাজানো হয়েছে তাতে চমৎকার ভাবে খাতওয়ারী সন্নিবেশিত হয়েছে। তিনি পরিকল্পনা অনুযায়ী সরকারের উক্ত দপ্তরের বরাদ্দ প্রাপ্তির জন্য প্রেরণ করার জন্য অনুরোধ করেন এবং এতে সকল কিছুর প্রতি সম্মতি জ্ঞাপন করে তা অনুমোদন করার জন্য অনুরোধ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।</td>
<td>সভাপতি মহোদয় সভার সম্মতিক্রমে ২৮.৯১৩ মিলিয়ন (২.৮৯১৩৩৮৩) কোটি টাকার পৌরসভার LGCRRP অনুমোদনের জন্য সিদ্ধান্ত গ্রহন করেন এবং সহকারী প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন।</td>
</tr>
<tr>
<td>০৬</td>
<td>পৌরসভার বিভিন্ন বিল প্রদান প্রসঙ্গে আলোচনাঃ</td>
<td>কোষাধ্যক্ষ জনাব গোলাম মোকতাদির সভায় জানান যে, গত ফেব্রুয়ারী’২০২৩খ্রিঃ মাসে নিম্ন লিখিত বিল প্রদান করা হয়।<br><br>
<table>
<tr><th>তারিখ</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>০৬২০২৩-০২-</td><td>জানুয়ারীমাষ্টাররোল কর্মচারীদের বেতন ২০২৩/</td><td>৬৪০০.০০০,</td></tr>
<tr><td>০৭২০২৩-০২-</td><td>বিবি হাজেরাআর্থিখ সাহায্য-</td><td>১০০০.০০০,</td></tr>
<tr><td>১৩২০২৩-০২-</td><td>ফেব্রুয়ারীটি মিটারের বিদ্যুৎ বিল৭-২০২৩/</td><td>৬০০.১২৬,</td></tr>
<tr><td>২০২০২৩-০২-</td><td>ভান্ডারী হোটেলআপ্যায়ন বিল-</td><td>২০০০.৩৮০,</td></tr>
<tr><td>২৬২০২৩-০২-</td><td>মোঃ সোহেলআর্থিক সাহায্য-</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>২৬২০২৩-০২-</td><td>জাহানারা বেগমআর্থিক সাহায্য-</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>২৭২০২৩-০২-</td><td>ভ্যানটলি ও ট্রাক মেরামত-</td><td>২০০.৮০০,</td></tr>
</table>
</td>
<td>মেয়র মহোদয় পৌর পরিষদের সম্মতিতে ফেব্রুয়ারী’২০২৩ মাসে পরিশোধকৃত বিল সমূহ অনুমোদন হয় এবং বিলের নথীপত্র সমূহ সংরক্ষণ সরার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৩৭ তারিখঃ ১৫/০৩/২০২৩খ্রিঃ

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণঃ**

১। জেলা প্রশাসক,লক্ষ্মীপুর।
২। জনাব.............................................................কাউন্সিলর(সকল),রামগতি পৌরসভা।
৩। জনাব..........................................................শাখা.......................রামগতি পৌরসভা।
৪। সংশ্লিষ্ট নথি।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।